# বাংলাদেশ এলডিসি উত্তরণ সময় তিন বছর বাড়ানোর আবেদন




সংগৃহীত ছবি

বাংলাদেশ সরকার স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের সময় তিন বছর পিছিয়ে দেওয়ার জন্য আনুষ্ঠানিকভাবে আবেদন করেছে। নতুন সরকারের দায়িত্ব গ্রহণের পরপরই, শুক্রবার (২০ ফেব্রুয়ারি) এই পদক্ষেপ নেওয়া হয়।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) সচিব শাহরিয়ার কাদের ছিদ্দিকী জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ ইকোসকের অধীন কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)কে একটি চিঠি পাঠান। চিঠিতে দেশি-বিদেশি অর্থনৈতিক ও সামাজিক চ্যালেঞ্জগুলোর উল্লেখ করা হয়। এতে বলা হয়, এলডিসি উত্তরণ প্রক্রিয়ার সময়কাল ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত বাড়ালে বাংলাদেশ সময়মতো প্রস্তুতি নিতে সক্ষম হবে।

আগের সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশের এলডিসি উত্তরণ এই বছরের ২৪ নভেম্বরের মধ্যে হওয়ার কথা। চূড়ান্ত উত্তরণের আগে তৃতীয় পর্যায়ের পর্যালোচনা প্রক্রিয়াও বর্তমানে চলছে।

LENS ASIA